2 JAN 2017

# সিদ্ধিরগঞ্জের উত্তীর্ণদের ছাড়পত্র প্রদানে টাকা নেওয়ার অভিযোগ

**সিদ্ধিরগঞ্জ (নারায়ণগঞ্জ)** সিদ্ধিরগঞ্জের মিজমিজি বাতানপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবু তৈয়বের বিরুদ্ধে প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের ছাড়পত্র প্রদানে টাকা নেওয়ার অভিযোগ পাওয়া গেছে। রোববার দুপুরে এলাকাবাসীর অভিযোগের সত্যতা যাচাই করতে নাসিক ১ নম্বর ওয়ার্ডের ওই বিদ্যালয়ে গিয়ে দেখা যায়, সহকারী শিক্ষিকা ইসরাত ও রিতা, প্রধান শিক্ষকের নির্দেশে শিক্ষার্থীদের লাইনে দাঁড় করিয়ে ২০০ টাকা করে আদায় করে ছাড়পত্র দেওয়া হচ্ছে। এ সময় গণমাধ্যমকর্মীদের উপস্থিতি টের পেয়ে তারা এদিক-সেদিক ছোটাছুটি করতে থাকে। অর্থ গ্রহণে সরকারের কঠিন নিষেধাজ্ঞা থাকা সত্ত্বেও এহেন ঘটনায় এলাকায় ব্যাপক সমালোচনা হচ্ছে। শিক্ষার্থীরা জানায়, প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষায় ৮৪ ছাত্রছাত্রী উত্তীর্ণ হয়, যারা প্রত্যেকেই দরিদ্র এবং নিম্নমধ্যবিত্ত পরিবারের সন্তান। উচ্চ বিদ্যালয়ে ভর্তির জন্য ছাড়পত্র প্রয়োজন; কিন্তু বিদ্যালয়ের প্রধান শিক্ষক টাকা ছাড়া ছাড়পত্র দিতে অস্বীকৃতি জানালে অনেক কষ্টে বাবা-মায়ের কাছ থেকে টাকা এনে ছাড়পত্র নিতে হয়েছে।

প্রাথমিক শিক্ষা সমাপনী

জানতে চাইলে বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবু তৈয়ব জানান, সবসময়ই ছাত্রছাত্রীদের কাছ থেকে বিদ্যালয়ের খরচের জন্য কিছু টাকা নেওয়া হয়। তবে খুশি হয়ে যে যত দেয় তাই নেওয়া হয়। এ ব্যাপারে বিদ্যালয়ের সভাপতি নাসিক ১, ২ ও ৩ নম্বর ওয়ার্ডের সংরক্ষিত নারী কাউন্সিলর মাকসুদা মোজাফফরের কাছে জানতে চাইলে তিনি বলেন, এ বিষয়ে বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবু তৈয়ব তাকে কিছুই জানাননি। তিনি তার মনগড়া কাজ করেছেন। এটি সম্পূর্ণ অন্যায়। শিক্ষার্থীদের ছাড়পত্র প্রদানে অর্থ গ্রহণের বিষয়ে নারায়ণগঞ্জ সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা তাসনিম জেবিন বিনতে শেখ বিদ্যালয়ের প্রধান শিক্ষকের বিরুদ্ধে তদন্তপূর্বক ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে নির্দেশ দেওয়া হয়েছে।